কুষ্টিয়ায় শুভসংঘের বৃক্ষরোপণ ও গাছের চারা বিতরণ

কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) দবির উদ্দিন বলেছেন, আপনার সন্তানের হাত দিয়ে গাছ লাগান। কেননা আপনি যেভাবে আপনার সন্তানকে লালন পালন করে বেড়ে তুলছেন, তেমনি আপনার সন্তানও তার হাত দিয়ে লাগানো গাছটি যত্ম করে বেড়ে তুলবে। মানব সভ্যতা অটুট রাখতে আমাদের বেশি বেশি গাছ রোপণ ও এর পরিচর্যা করতে হবে।

আজ মঙ্গলবার বিকেলে শহরের ছয় রাস্তা মোড় এলাকার বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখা কার্যালয়ে বসুন্ধরা শুভসংঘ আয়োজিত বৃক্ষরোপণ ও গাছের চারা বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, ‘বসুন্ধরা শুভসংঘ একটি সামাজিক সংগঠন। এটি সমাজের উন্নয়ন মূলক কার্যক্রম পরিচালনা করে থাকে, তাদের এসব উন্নয়ন মূলক কার্যক্রম সত্যি প্রশংসনীয়।’ ‘শুভসংঘের বন্ধুরা যে বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নিয়েছে এটি চমৎকার একটি উদ্যোগ। আমি এই উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। এসব উন্নয়নমুলক কর্মকান্ডের ধারা অব্যহত রাখুক এই প্রত্যাশা কামনা করি।

তিনি আরও বলেন, প্রতিটি গাছ আমাদের প্রয়োজনে লাগে, গাছ আমাদের অক্সিজেন, গাছ আমাদের ছায়া দিয়ে থাকে। দেয়,কাঠ দেয়, জালানি হিসেবে খড়ি দেয়,গাছ আমাদের উপকারি বন্ধু। আবহাওয়া নিয়ন্ত্রণেও বৃক্ষের ভূমিকা অপরিসীম তাই বেশি বেশি করে বৃক্ষরোপনের আহবান জানান তিনি।

শুভসংঘের নির্বাহী সভাপতি এস এম জামালের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন শুভ সংঘ জেলা কমিটির সাধারণ সম্পাদক কাকলি খাতুন, সাংগঠনিক সম্পাদক বিপুল হোসেন, নির্বাহী সদস্য দেওয়ান মাসুুদুর রহমান স্বপন প্রমুখ।

বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার নির্বাহী সভাপতি এস এম জামাল বলেন, শুভ কাজে সবার পাশে এই প্রতিপাদ্য নিয়ে দেশের শীর্ষস্থানীয় শিল্প গ্রুপ বসুন্ধরার মানবিক সহায়তা সংগঠন শুভসংঘ। দেশের দরিদ্র ও অসহায় মানুষের পাশে দাঁড়ানো এই সংগঠনের মূল উদ্দেশ্য। তিনি বলেন, আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ রাখতে

বৃক্ষরোপণের বিকল্প নেই। বর্তমান সময়ে আমাদের অস্তিত্ব টিকিয়ে রাখতে বৃক্ষরোপণ অপরিহার্য। বৃক্ষরোপণের উপকারিতা ও বৃক্ষরোপণে মানুষকে উৎসাহিত করতেই বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার এই মহতি কর্মসূচী। এটি অব্যহত রাখতে আমরা সকল উপজেলায় এই কর্মসুচী পালন করবো।

ব্যক্তিগত সামাজিক দায়বদ্ধতা মূলক কাজের অংশ হিসেবে এমন উদ্যোগ গ্রহণ করে দীর্ঘ দিন যাবত চলছে তার এই ব্যতিক্রমী কার্যক্রম বলেও জানান তিনি। শতাধীক শিক্ষার্থী ও অভিভাবক ছাড়াও পথচারী ও রিকশা ও ইজিবাইক চালকের মাঝে দুই শতাধীক ফলজ,বনজ ও ওষুধী গাছের চারা বিতরণ করা হয়।

এসময় বসুন্ধরা শুভসংঘ বন্ধু নাফিস, সুমাইয়া খাতুন, আব্দুল মজিদ জিয়া, যুথিকা রানী দাস, রিফাহ তাসনিয়া রিযা, আশিক, জুনায়েদ প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শুভসংঘের নতুন কমিটির অভিষেক ও পরিকল্পনা সভা

মেহেরপুরে প্রতিমাসে অন্তত একটি করে ভালো কাজ করার প্রত্যয় নিয়ে অনুষ্ঠিত হলো নতুন কমিটির অভিষেক ও পরিকল্পনা সভা।

আজ মঙ্গলবার (১৭ জানুয়ারি) দুপুরে মেহেরপুর প্রতিদিন পত্রিকা অফিসের হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কালের কন্ঠ শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যাপক নূরুল আহমেদের সভাপতিত্বে অতিথি হিসেবে বক্তব্য দেন কালের কণ্ঠ জেলা প্রতিনিধি শুভসংঘর জেলা শাখার প্রধান উপদেষ্টা ইয়াদুল মোমিন, সাংবাদিক মাহাবুব চান্দু, রেজ আন উল বাসার, শহিদুল ইসলাম, আব্দুর রাজ্জাক, কামরুল ইসলাম।

শুভ সংঘের নতুন কমিটির সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ পলাশের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন সহ সভাপতি বশির উদ্দিন,

রফিকুল আলম বকুল, সাবেক সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, যুগ্ম সাধারণ সম্পাদক বাদশা খান, নারী বিষয়ক সম্পাদক মৌসুমী খাতুন।

সভাপতি নতুন কমিটির সদস্যদের সঙ্গে পরিচিত সকলকে পরিচয় করিয়ে দেন।

নতুন কমিটিতে অন্যদের মধ্যে যুগ্ম সাধারণ সম্পাদক সাজিদ ইসলাম, সাংগঠনিক সম্পাদ আল মাসুম শেখ, সহ সাংগঠনিক সম্পাদক সোহেল রানা, কোষাধ্যক্ষ আসিফ ইকবাল শুভ, দপ্তর সম্পাদক নাসিম হাসান, প্রচার সম্পাদক উবায়দুল্লাহ, বিজ্ঞান বিষয়ক সম্পাদক ইয়াসির ইউসুফ ইমন, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক নাফিউল ইসলাম, নির্বাহী সদস্য আরিফুল ইসলাম, ছানোয়ার হোসেন, আবু রায়হান নিরব, তামান্না তানভীর, তাহসিন হাদি ধ্রুব, সৈকত আহম্মেদ, তানজিমুল ইসলাম, সাগর আলী, আকাশ আলী, জাহিদুল ইসলাম।
এর আগে গত বৃহস্পতিবার বিকেলে নতুন কমিটি গঠন করা হয়।

নূরুল আহমেদকে পুনরায় সভাপতি করে ২৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি গঠন শেষে মঙ্গলবার অভিষেক ও পরিকল্পনার সভার দিন নির্ধারণ করা হয়। পরিকল্পনা সভা শেষে মধ্যাহ্নভোজের মধ্য দিয়ে কর্মসূচী শেষ হয়।